57

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAY 1998
পৃষ্ঠা 25 কলাম 2

## এসএসসি ঃ ঢাকা কুমিল্লা যশোর বোর্ডের পরীক্ষা বহাল থাকিবে

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ঢাকা, কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৮ সালের এসএসসি পরীক্ষা যথারীতি বহাল থাকিবে। নূতনভাবে কোন বিষয় বা পত্রের পরীক্ষা গ্রহণ করা হইবে না। গতকাল (বৃহস্পতিবার) উল্লিখিত তিনটি শিক্ষা বোর্ডের পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, এই বোর্ড তিনটির আওতাধীন কোন কেন্দ্রে কোন বিষয় বা পত্রে প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত কোনরূপ ঘটনা ঘটে নাই বিধায় সকল বিষয়ের পরীক্ষা বহাল থাকিবে।

উল্লেখ্য, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইংরেজী দ্বিতীয় ও বাংলা প্রথমপত্রের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা প্রমাণিত হওয়ায় এই দুই পত্রে নূতন করিয়া পরীক্ষা গ্রহণ করা হইবে।